চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ০৭ মে ২০১৮ খ্রি.

পাশ্চাত্য সংস্কৃতি কুপমণ্ডুক ধ্যান ধারনার কারণে সন্ত্রাস জঙ্গীবাদের উত্থান : মঈন উদ্দিন খান বাদল এমপি

নগরীর ৩ নং পাঁচলাইশ ওয়ার্ডে ৭ মে ২০১৮ খ্রি. সোমবার, সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক বিরোধী সমাবেশ স্থানীয় একটি কমিউনিটি সেন্টারে অনুষ্ঠিত হয়। সমাবেশে প্রধান অতিথি ছিলেন সংসদ সদস্য মঈন উদ্দিন খান বাদল। স্থানীয় কাউন্সিলর কফিল উদ্দিন খানের সভাপতিত্বে এতে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন আইন শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ও কাউন্সিলর এইচ এম সোহেল, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার, স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ)জাহানারা ফেরদৌস, অতিরিক্ত পুলিশ কমিশনার মিজানুর রহমান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তা রুহুল আমিন, সমাজসেবক মঞ্জুরুল আলম মঞ্জু, এস এম মঞ্জুরুল ইসলাম, নজরুল ইসলাম, আবদুল কাদের পমুখ। সভায় সংসদ সদস্য মঈন উদ্দিন খান বাদল বলেন, সন্ত্রাস,জঙ্গীবাদ ও মাদক দেশের উন্নয়নের গতিকে স্থবির করে দিতে চাচ্ছে। স্বাধীনতার এত বছর পরও সন্ত্রাস,জঙ্গীবাদের বিরুদ্ধে আমাদের লড়তে হচ্ছে, যা দুঃখ জনক। এমপি পাশ্চাত্য সংস্কৃতির আগ্রাসন, কুপমণ্ডুক ধ্যান ধারনার কারণেই দেশে সন্ত্রাস,জঙ্গীবাদ ও মাদকের বিস্তার হচ্ছে বলে উল্লেখ করেন। তিনি অভিভাবকদের তাদের কিশোর-যুবা সন্তানরা যাতে এ ধরনের অপরাধ কর্মকাণ্ডে জড়িয়ে না পড়ে সে ব্যাপারে সজাগ থাকার পরামর্শ দেন।

চট্টগ্রাম- ০৭ মে ২০১৮ খ্রি.

মতবিনিময় সভায় মেয়র
নাগরিক সেবার স্বার্থে বকেয়া হোল্ডিং ট্যাক্স পরিশোধ করুন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন নগরীর যে সকল অধিবাসী এখনো তাদের বকেয়া হোল্ডিং ট্যাক্স পরিশোধ করেননি তা অতিসত্বর পরিশোধ করার আহবান জানিয়েছেন। তিনি বলেন, নাগরিক সেবা নিশ্চিত করতে কর্পোরেশনকে তার নিজস্ব আয়ের উপর নির্ভর করতে হয়। সেকারনে মেয়র নগরবাসীর নাগরিক দায়িত্ববোধ থেকে তাদের পূর্বের বকেয়া হোল্ডিং ট্যাক্স পরিশোধ করার আহবান জানান। মেয়র হোল্ডিং এর মালিকগণকে নিজেদের সামর্থের মধ্য থেকে কয়েক কিস্তিতে বকেয়া কর পরিশোধ করার সুযোগ দিতে প্রস্তুত আছেন। ৭ মে ২০১৮ খ্রি. দুপুরে কর্পোরেশনের কেবি আবদুচ ছত্তার মিলনায়তনে বকেয়া গৃহকর ও রেইট আদায় সম্পর্কিত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। সভায় অর্থ ষ্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান কাউন্সিলর মো. শফিউল আলম,প্রধান রাজস্ব কর্মকর্তা ড. মুস্তাফিজুর রহমানসহ বিভিন্ন সার্কেলের কর

কর্মকর্তা ও উপ কর কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় নগরীর প্রায় শ’ খানিক হোল্ডিং মালিক তাদের পৌরকর সংক্রান্ত বিষয়ে মেয়রের সাথে সরাসরি কথা বলেন। এসময় মেয়র তাদের বক্তব্য শুনে এ ব্যাপারে আইনানুগ যতটুকু সহযোগিতা করা যায় তা করবেন বলে আশ্বাস দেন।

তিনি বলেন, ইতিমধ্যে নাগরিক সুবিধা ও পরিচ্ছন্ন নগর করতে প্রতি ঘরে বিন বিতরণ করে সড়ক থেকে সকল ডাস্টবিন,অপসারন ও ওয়ার্ড পর্যায়ে পরিচ্ছন্ন কর্মী ও সেবক নিয়োগ করা হয়েছে। নগরীর সকল সড়কে এলইডি লাইট দিয়ে আলোকায়ন ও সৌন্দর্যবর্ধন কার্যক্রম চলছে। যা সম্পন্ন হলে সহসায় নগরে দৃশ্যমান একটি পরিবর্তন আসবে। তাই মেয়র তাদের বকেয়া কর পরিশোধ করে কর্পোরেশনেরর এ সকল কাজে সহযোগিতা কামনা করেন।

সভায় বকেয়া হোল্ডিং ট্যাক্স পরিশোধ করলেন মোহাম্মদ আসলাম : চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বকেয়া হোল্ডিং ট্যাক্সের ১ লক্ষ ১৩ হাজার ৮ শত ৮৭ টাকা পরিশোধ করেছেন নগরীর বক্সিরহাট এলাকার অধিবাসী মো. আসলাম। তার হোল্ডিং নম্বর হল ১৪৫/১৬৩। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছিল উদ্দীন হাতে চেক হস্তান্তরের মাধ্যমে এই বকেয়া হোল্ডিং ট্যাক্সের টাকা পরিশোধ করা হয়। এসময় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান রাজস্ব কর্মকর্তা ড. মুস্তাফিজুর রহমান, কর কর্মকর্তা জসিম উদ্দীন প্রমূখ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ০৭ মে ২০১৮ খ্রি.

চসিক শ্রমিক ও কর্মচারীলীগ (সিবিএ) এর সাধারন সম্পাদক মোরশেদুল আলম চৌধুরীর রোগমুক্তি কামনায় দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশন শ্রমিক ও কর্মচারীলীগ(সিবিএ) এর সাধারন সম্পাদক মোরশেদুল আলম চৌধুরীর রোগ মুক্তি কামনায় চসিক শ্রমিক ও কর্মচারীলীগ (সিবিএ) এর উদ্যোগে চট্টগ্রাম সিটি কর্পোরেশন মসজিদে বাদ আছর মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। মিলাদ মাহফিলে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমেদ, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা সাইফুদ্দিন আহমদ, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা শেখ শফিকুল মান্নান সিদ্দিকী, উপ সচিব আশেক রসুল চৌধুরী টিপু, সহ-সচিব নজরুল ইসলাম, সিবিএ সভাপতি ফরিদ আহমদ, সিনিয়র সহ সভাপতি জাহেদুল আলম, মো. ইয়াছিন, যুগ্ম সম্পাদক মো. মুজিবুর রহমান, সাংগঠনিক সম্পাদক আবুল মাসুদ, অর্থ সম্পাদক তারেক সুলতান, আইন বিষয়ক সম্পাদক ফরিদ আহমদ, দপ্তর সম্পাদক মোহাম্মদ মোস্তফা কামাল, সহ দপ্তর সম্পাদক ওয়ালিদুল আজিম সোহেল, সহ সাংগঠনিক সম্পাদক খোরশেদুল আলম সদস্য আবদুল জব্বার প্রমুখ। দোয়া মাহফিলে অসুস্থ সিবিএ এর সাধারন সম্পাদক মোরশেদুল আলম চৌধুরীর দ্রুত আরোগ্য কামনা করে মোনাজাত পরিচালনা করেন মাওলানা মো. শওকত উসমান।

চট্টগ্রাম- ৭ মে ২০১৮ খ্রি.

চসিক পরিচালিত মোবাইল কোর্ট অভিযান অব্যাহত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার ও স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস এর নেতৃত্বে ০৭ মে ২০১৮ খ্রি. সকালে চট্টগ্রাম মহানগর এলাকায় মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানকালে বায়েজিদ বোস্তামী থানার অক্সিজেন এলাকায় বেকারী শপে রসমালাই ও দধিতে উৎপাদিত ও মেয়াদের তারিখ না থাকায় হাসান বেকারীকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইনে ২০ হাজার ও ফুটপাতের উপর মালামাল রাখার দায়ে ৫ হাজার, আল মদিনা ট্রেডিংকে ৫ হাজার, মেসার্স আজিজ ট্রেডিংকে ৫ হাজার, ওম্যাক্স ফ্যাশনকে ৫ হাজার, ইনসেফ এন্টারপ্রাইজকে ৫ হাজার, চন্দনাইশ হার্ডওয়ার স্টোরকে ৫ হাজার, মৌলানা স্টোরকে ৫ হাজার,বর্ষা ষ্টোরকে ৫ হাজার ও রাস্তার উপর অবৈধভাবে মোটর সাইকেল পার্কিং করার দায়ে মো. সুজনকে ২ শত টাকা সহ সর্বমোট ৬০ হাজার ২ শত টাকা জরিমানা আদায় করা হয়। এই অভিযান পুরো রমজান মাস পর্যন্ত অব্যাহত থাকবে।

অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মহানগর পুলিশ ম্যাজিস্ট্রেটদ্বয়কে সহায়তা করেন।

চট্টগ্রাম- ০৭ মে ২০১৮ খ্রি.

আওয়ামীলীগে যুদ্ধাপরাধী,মানবতাবিরোধী, সুযোগ সন্ধানী, সুবিধাভোগী, অনৈতিক ও অসৎ চরিত্রের কারোর জায়গা নেই। ৪০ নং উত্তর পতেঙ্গা ওয়ার্ড আওয়ামীলীগের বিশাল কর্মী সভায় সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন সৎ চরিত্রবান ও সংগঠক সহ নানা শ্রেনী ও পেশার সুশীল সমাজকে আওয়ামীলীগের পতাকাতলে সমবেত হয়ে আওয়ামীলীগের অগ্রযাত্রাকে অব্যাহত রাখার আহবান জানিয়ে বলেন, আওয়ামীলীগে যুদ্ধাপরাধী,মানবতাবিরোধী, সুযোগ সন্ধানী, সুবিধাভোগী, অনৈতিক ও অসৎ চরিত্রের কারোর জায়গা নেই। যারা জীবনে ত্যাগ স্বীকার করতে প্রস্তুত, যারা দুঃখ যন্ত্রনাকে সহ্য করে মানুষের স্বার্থে সেবা করার মানষিকতা আছে তারাই আওয়ামীলীগের তৃণমূলের কর্মী। তাদের হাত ধরে বাংলাদেশ উন্নত রাষ্ট্রে পরিণত হবে। আ জ ম নাছির উদ্দীন মাদকসেবী,বিক্রেতা,সন্ত্রাস ও জঙ্গীবাদে লিপ্ত কাউকে আওয়ামীলীগে স্থান না দেওয়ার নির্দেশনা দেন। তিনি আশা করেন আওয়ামীলীগের নিবেদিত প্রান কর্মীরা আসন্ন সংসদ নির্বাচনে জয়ী করার জন্য বলিষ্ঠ ভূমিকা পালন করবে। ৭ মে ২০১৮ খ্রি. সোমবার বিকেলে কে স্কোয়ার-২ কমিউনিটি সেন্টারে ৪০ নং উত্তর পতেঙ্গা ওয়ার্ড আওয়ামীলীগের বিশাল কর্মী সভায় প্রধান অতিথির ভাষনে চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারন সম্পাদক এসব কথা বলেন। কর্মী সমাবেশে বিশেষ অতিথির বক্তব্যে চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সহ সভাপতি আলহাজ্ব খোরশেদ আলম সুজন বলেন, আওয়ামীলীগে সুবিধাভোগী,চাটুকার ও সুযোগ

সন্ধানীদের কোন স্থান নেই। তিনি বলেন, নির্যাতন ও অত্যাচারের বিরুদ্ধে সংগ্রাম করার দৃপ্ত শপথ নিয়ে আওয়ামীলীগের কর্মীদের পথ চলা। এই সংগঠনের নেতৃত্বে বাংলাদেশের স্বাধীনতা অর্জিত হয়েছে। এই স্বাধীনতাকে চিরস্থায়ী করার জন্য নেতা কর্মীদের সুদৃঢ় ঐক্য প্রয়োজন। তিনি আরো বলেন, এক শ্রেনীর সুবিধাভোগী সময়ে সময়ে সরকারের আনুকূল্য লাভে নিজেদের আখের গোঁছানোর স্বার্থে চাটুকারিতা করে থাকে। সেকল সুবিধাভোগীদের চিহ্নিত করে সমাজ থেকে বিতাড়িত করতে হবে। সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি ও সাবেক কাউন্সিলর আবদুল বারেক কোম্পানী। ওয়ার্ড আওয়ামীলীগের সাধারন সম্পাদক জয়নাল আবদীন আজাদ এর উপস্থাপনায় অনুষ্ঠিত বিশাল এ কর্মী সভায় বক্তব্য রাখেন চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের ধর্ম বিষয়ক সম্পাদক আলহাজ্ব জহুর আহমদ, চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের নির্বাহী কমিটির সদস্য নুরুল আলম, কামরুল হাসান, সাইফুদ্দিন খালেদ বাহার, রোটারিয়ান মো. ইলিয়াছ, পতেঙ্গা থানা আওয়ামীলীগের আহবায়ক আবদুল হালিম, যুগ্ম আহবায়ক এ এস এম ইসলাম, ৪০ নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারন সম্পাদক জয়নাল আবদীন, ৪১ নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারন সম্পাদক নুরুল আলম, শ্রমিক নেতা মো. ইউনুস, ৪০ নং ওয়ার্ড আওয়ামীলীগ নেতা নুরুল আবছার ও সেকান্দর আজম সহ অন্যান্য নেতৃবৃন্দ । কর্মী সভায় ৪০ নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি আবদুল বারেক কোম্পানী, সাধারন সম্পাদক জয়নাল আবদীন আজাদ, শ্রমিক নেতা ইসমাইল আজিজ সহ কয়েকজনের হাতে সদস্য নবায়ন ফরম তুলে দেন চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারন সম্পাদক আ জ ম নাছির উদ্দীন ও সহ সভাপতি আলহাজ্ব খোরশেদ আলম সুজন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন